

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৬৫০ জনের নিয়োগ কেন বাতিল করা হবে না জানতে চেয়ে হাইকোর্টের রুল

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৬৫০ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ কেন বাতিল করা হবে না জানতে চেয়ে হাইকোর্টের রুল। আগামী ৩ সপ্তাহের মধ্যে জবাব দিতে শিক্ষা সচিব, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অ্যাচার্স পক্ষে শিক্ষা সচিব, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুর কমিশনের চেয়ারম্যানকে রুলের জবাব দিতে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। জনস্বার্থে দায়ের করা এক রিট আবেদনের প্রাথমিক তনানি শেষে গতকাল বিচারপতি মামুনু রহমান ও বিচারপতি আবু জাফর সিদ্দিকীর সম্মুখে গঠিত বেঞ্চ এ রুল জারি করেন।

কোন প্রকার বিচ্ছিন্ন ও নির্বাচনী বোর্ড ছাড়া ১৯৯২ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিয়োগ পাওয়া ৬৫০ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ কেন বাতিল করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট।

বিএনপি দলীয় সাংসদ একেএম ফজলুল হক মিলানের জনস্বার্থে দায়ের করা এক রিট আবেদনের প্রাথমিক তনানি শেষে গতকাল বিচারপতি মামুনু রহমান ও বিচারপতি আবু জাফর সিদ্দিকীর সম্মুখে গঠিত বেঞ্চ এ রুল জারি করেন।

আবেদনের পক্ষে তনানি করেন আইনজীবী অ্যাডভোকেট লুতফুল রহমান।

রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সরদার রাশেদ জাহাঙ্গীর।

আদালত আগামী ৩ সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুর কমিশনের চেয়ারম্যানকে রুলের জবাব দিতে বলেছে।

আবেদনের পক্ষের আইনজীবী অ্যাডভোকেট লুতফুল রহমান জানান, জাতীয় বিশ্ববিদ্যালয় আইনের ৩৩ ধারায় আছে নিয়োগের সুপারিশের জন্য নির্বাচনী বোর্ড গঠন করতে হবে। কিন্তু নির্বাচনী বোর্ড গঠন না করে উপাচার্যের ক্ষমতাবলে ছয় মাসের জন্য নিয়োগ দিয়ে তাদের মেয়াদ বর্ধিত করা হয়েছে।

সুতরাং এসব নিয়োগ অবৈধ। তাই নিয়োগ বাতিল চেয়ে আদালতে আবেদন করা হয়। আদালত রুল জারি করেছেন।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয় আইনের ৩৩(১) ধারায় বলা হয়েছে, শিক্ষক ও কর্মকর্তা নিয়োগে সুপারিশ করার জন্য বিশ্ববিদ্যালয়ের নির্বাচনী বোর্ড থাকবে। আবার ১২(১০) ধারায় রয়েছে, ভাইস-চ্যান্সেলর অস্থায়ীভাবে এবং সাধারণত অনধিক ছয় মাসের জন্য অধ্যাপক ব্যতীত বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবেন এবং এই নিয়োগের বিষয়ে সিন্ডিকেটকে অবহিত করিবেন।